

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮১

8. কিতাবুল ঈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَرْزُوقٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ عَنِ الصَّلْتِ بْنِ بَهْرَامٍ حَدَّثَنَا الْحَسَنُ حَدَّثَنَا جُنْدُبُ الْبَجَلِيُّ فِي هَذَا الْمَسْجِدِ أَنَّ حُذَيْفَةَ حَدَّثَهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

(إِنَّ مَا أَتَخَوَّفُ عَلَيْكُمْ رَجُلٌ قَرَأَ الْقُرْآنَ حَتَّى إِذَا رُئِيَ بِهَجْتِهِ عَلَيْهِ وَكَانَ رِدَاءً لِلْإِسْلَامِ غَيْرُهُ إِلَى مَا شَاءَ اللَّهُ فَانْسَلَخَ مِنْهُ وَنَبَذَهُ وَرَاءَ ظَهْرِهِ وَسَعَى عَلَى جَارِهِ بِالسَّيْفِ وَرَمَاهُ بِالشِّرْكِ) قَالَ: قُلْتُ: يَا نَبِيَّ اللَّهِ أَيُّهُمَا أَوْلَى بِالشِّرْكِ الْمَرْمِيُّ أَمْ الرَّامِيُّ؟ قَالَ:

(بل الرامي)

□□ □□□□ □

[تعليق الشيخ الألباني]

حسن – ((الصحيحة)) (3201).

الحديث: 81 | الجزء: 1 | الصفحة: 200

বাংলা

৮১. হুযাইফাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি তোমাদের জন্য আশংকা করি এমন লোকের, যে কুরআন পাঠ করবে। এরপর যখন তার উপর ইসলামের দীপ্তি পরিলক্ষিত হবে এবং সে ইসলামের একজন সাহায্যকারীর ভূমিকায় অবতীর্ণ হবে, তখন সে একে (তার দ্বীন) কে পরিবর্তন করে ফেলবে, আল্লাহ যেদিকে চান। এরপর সে তার খোলস (ছদ্মবেশ) ছেড়ে বেরিয়ে আসবে ও একে তার পশ্চাতে নিষ্ক্ষেপ করবে এবং তার প্রতিবেশীকে তরবারী দিয়ে হত্যা করার চেষ্টা করবে এবং তাকে শিরকে লিপ্ত বলে মিথ্যা অপবাদ দিবে।”

বর্ণনাকারী বলেন, আমি বললাম, হে আল্লাহর নাবী! এতদুভয়ের মধ্যে কোন্ জন শিরকের অধিক নিকটবর্তী, যার বিরুদ্ধে (শিরকের) অপবাদ দেওয়া হল, সেই ব্যক্তি নাকি অপবাদদাতা? তিনি বললেনঃ বরং অপবাদদাতা।”[1]

ফুটনোট

[1] আলবানী: হাসান।

আরনাউত্ব: হাসান।

তাখরীজ: বাযযার ১৭৫; ইবনু কাসীর, তাফসীর ৩/৫০৯; হাইসামী, মাজমা ১/১৮৭-১৮৮; হাইসামী একে হাসান এবং ইবনু কাসীর জাইয়েদ (হাসান) বলেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ছুয়ায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86995>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন